যুগান্তর

তারিখ ... 22 MAY 2016 ...
পৃষ্ঠা: ... কলাম: ...

জাবিতে ২ মাসের ছুটি

# শিক্ষক-শিক্ষার্থীদের উদ্বেগ

■ জাবি সংবাদদাতা

গ্রীষ্মকালীন ছুটি এবং রমজান-ঈদ উপলক্ষে আজ সোমবার থেকে ৬১ দিনের দীর্ঘ ছুটি হচ্ছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক ২ মাসের ছুটির বিষয়টি নিশ্চিত করেছেন।

এদিকে শিক্ষার্থী ও শিক্ষকদের অভিযোগ ক্যাম্পাসে চলমান বিভিন্ন আন্দোলন দমাতে প্রশাসন এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। দীর্ঘদিন ক্যাম্পাস বন্ধ থাকলে সেশনজটের আশঙ্কা করছেন শিক্ষার্থীরা। এ ছুটি বাতিলের দাবিতে গতকাল দেড় শতাধিক শিক্ষার্থী মানববন্ধনও করেছেন। তবে এ উদ্বেগের বিষয়টি নাকচ করেছেন উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম।

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম বলেন, গ্রীষ্মকালীন ছুটি এবং রোজার ছুটির মাঝে ব্যবধান চারদিনের। এতে শিক্ষার্থীদের ভোগান্তি, যাতায়াত ও আর্থিক সুবিধা বিবেচনায় দুই ছুটি একত্রিত করা হয়েছে।

শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চের আহ্বায়ক অধ্যাপক নাসিম আকতার হোসাইন বলেন, জানুয়ারি থেকে রাজনৈতিক আন্দোলনে শিক্ষা কার্যক্রম অনেক পিছিয়ে গেছে, টানা ছুটিতে বিভাগগুলো সেশনজটে পড়ে যাবে। রোজা পর্যন্ত শিক্ষা কার্যক্রম চালিয়ে নিতে অনুরোধ করছি। একই কথা বলেছেন জাবি ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক দীপাঞ্জন সিদ্ধান্ত কাজল। এদিকে টানা দুই মাসের এই ছুটি বাতিলের দাবিতে গতকাল সোমবার সাধারণ শিক্ষার্থীর ব্যানারে দেড়শতাধিক শিক্ষার্থী মানববন্ধন করে।